গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

জিএসবির ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | সালমা আক্তার<br>পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম |
| সভার তারিখ | ০৯ নভেম্বর, ২০২২ |
| সভার সময় | দুপুর ০২:০০ ঘটিকা |
| স্থান | ভূতত্ত্ব ভবনের চতুর্থ তলার সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্ত |

**আলোচ্য বিষয়**

১। সেবা সহজিকরণ /ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন।

২। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় আইন/ পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজন।

৩। দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত।

৪। বিবিধ।

**আলোচনা**

সভার সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

০১। সভায় উল্লেখ করা হয় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম ১.১ এ সেবাসহজিকরণ/ ডিজিটাইজেশন এর মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা আগামী ০৪/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে অধিদপ্তরে সার্কুলারের মাধ্যমে উদ্ভাবনী ধারনা চাওয়া হয় এবং একটি আইডিয়া জমা পড়ে। এ বিষয়ে সভাপতি এ অর্থবছরের আইডিয়া প্রদানকারী দলের দলপ্রধান জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিমকে তার আইডিয়া উপস্থাপন করতে অনুরোধ করেন। জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানিয়ে উক্ত আইডিয়ার বিষয়ে বিস্তারিত উপস্থাপনা করেন। তিনি জানান গত অর্থবছরে পেট্রোবাংলায় অনুষ্ঠিত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশিক্ষণ কর্মশালায় তিনি ও জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জিএসবি'র সিটিজেন চার্টারে উল্লেখিত জাদুঘর সেবা সহজিকরণের লক্ষ্যে জিএসবি'র 'ডিজিটাল মিউজিয়াম সার্ভিস' নামে একটি আইডিয়া প্রদান করেন যার শিরোনাম ছিলো 'ভূতত্ত্বের দরজা'। তিনি তার আইডিয়ার বিভিন্ন দিকগুলো সভায় বিস্তারিত বিবরণ দেন এবং জানান যে 'বাংলাদেশ মিনারেল মিউজিয়াম' নামে একটি মোবাইল অ্যাপ তৈরির মাধ্যমে আইডিয়াটি বাস্তবায়ন করা যেতে পারে। সভায় উপস্থিত সদস্যগণ জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) এর উদ্ভাবনী আইডিয়া দেখে সন্তোষ প্রকাশ করেন এবং এ বছর এটি বাস্তবায়নযোগ্য বলে সবাই একমত হন। এ ব্যাপারে সভাপতি মহোদয় পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার মাধ্যমে অফিস আদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সদস্য সচিবকে নির্দেশনা দেন।

০২। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়নের ব্যাপারে সদস্য সচিব জানান একটি কর্মপরিকল্পনা গত ২৬ অক্টোবর, ২০২২ তারিখে তৈরি করা হয়েছে এবং জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সেখানে ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় ৩০ জন কর্মকর্তার প্রশিক্ষণের কথা উল্লেখ রয়েছে। এ ব্যাপারে সভাপাত মহোদয় সদস্য সচিবকে প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে নির্দেশনা দেন।

০৩। দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের ব্যাপারে সভাপতি জানান যে মহাপরিচালক

মহোদয়ের মৌখিক নির্দেশনায় আইডিয়া পরিদর্শনের জায়গা খুলনা থেকে পায়রা স্থানান্তর করা হয়েছে। সদস্য সচিব জানান সে মোতাবেক চাহিদা পত্র তৈরী করে সেবা ক্রয়ের জন্য স্টোর অফিসার বরাবর প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন। | সিটিজেন চার্টারে উল্লেখিত জাদুঘর সেবা নিম্নরুপ নামে বাস্তবায়ন করা হবে:<br>সেবার নাম: 'জিএসবি'র ডিজিটাল মিউজিয়াম সার্ভিস'<br>আইডিয়ার শিরোনাম: 'ভূতত্ত্বের দরজা'<br>মোবাইল অ্যাপ এর নাম: 'বাংলাদেশ মিনারেল মিউজিয়াম'<br>আইডিয়া প্রদানকারী টিম:<br>জনাব মোঃ সোহেল রানা, উপ- পরিচালক (ভূতত্ত্ব), দলপ্রধান<br>জনাব মো: মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য<br>জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য |
| ২। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় আইন/ পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজন। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় জিএসবি কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে। |
| ৩। | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত। | ক্রয় প্রক্রিয়া সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শাখার সাথে ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট যোগাযোগ রাখবেন |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

সালমা আক্তার
পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.৫১

তারিখ: ২৯ কার্তিক ১৪২৯
১৪ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (ভূতত্ত্ব) , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৩) পরিচালক (রসায়ন) , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব) -৩, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) উপ-পরিচালক (ভূপদার্থ)-২ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

Habib

মো: আহসান হাবিব

সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,
ইনোভেশন টিম